বর্ডার গার্ড বাংলাদেশ এর মাসিক প্রকাশনা

# বিজিবি বুলেটিন

• প্রথম বর্ষ • একাদশ সংখ্যা • অগ্রহায়ণ-পৌষ ১৪২৭ • ডিসেম্বর ২০২০





০৫ ডিসেম্বর ২০২০ তারিখে গণভবন থেকে বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজে অনুষ্ঠিত ৯৫তম ব্যাচের সমাপনী কুচকাওয়াজে বক্তব্য (ভার্চুয়াল) প্রদান করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

## সূচিপত্র


৯৫তম ব্যাচের সমাপনী কুচকাওয়াজ

পদক পরিধান

বিজিবি-বিএসএফ সীমান্ত সম্মেলন

জাতির পিতার জন্মশতবার্ষিকী উদযাপনে বিজিবি

মানবতার দেয়াল

মহাপরিচালক এর পরিদর্শন

প্রশিক্ষণ নির্দেশিকা প্রণয়ন

বিভাগীয় অফিসার অবসর

অনারারি সহকারী পরিচালক হতে অনারারি উপ পরিচালক এবং সুবেদার মেজর হতে অনারারি সহকারী পরিচালক পদে পদোন্নতি

এক নজরে ৯৫তম ব্যাচ রিক্রুট

সিজার প্রতিবেদন

করোনা ভাইরাস

আন্তঃইউনিট বদলি

দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ




৩১ ডিসেম্বর ২০২০ তারিখে বীরত্ব ও কৃতিত্বপূর্ণ অবদানের জন্য চারটি ক্যাটাগরিতে মোট ৫৯ জন বিভিন্ন পদবির পদকপ্রাপ্ত বিজিবি সদস্যদের পদক পরিয়ে দেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান, এমপি।




২২ ডিসেম্বর হতে ২৬ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত ভারতের গৌহাটিতে ৫১তম বিজিবি-বিএসএফ মহাপরিচালক পর্যায়ে সীমান্ত সম্মেলন অনুষ্ঠিত হয়।

bgbbuletin@gmail.com
www.bgb.gov.bd

## জাতির পিতার জন্মশতবার্ষিকী উদযাপনে বিজিবি



'শত নৌকায় জাতির পিতার জন্মশতবার্ষিকী উদযাপনে বিজিবি' এর অংশ হিসেবে দেশের বিভিন্ন এলাকায় (মেঘনা ঘাট, মাওয়া ঘাট, ভোলা চরপাতা এলাকা, নীলডুমুর, রাজশাহী) গরিব জেলেদের মাঝে ১০০টি নৌকা বিনামূল্যে বিতরণ করা হয়।

## মানবতার দেয়াল




বিজিবি সদর দপ্তর, পিলখানার বীরউত্তম মোহাম্মদ আবু তালেব শেখ গেইট এর সম্মুখে স্থাপিত সীমান্তে মানবতার দেয়াল।

## মহাপরিচালক এর পরিদর্শন

ডিসেম্বর মাসে বর্ডার গার্ড বাংলাদেশ এর মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি নিম্নবর্ণিত স্থানে পরিদর্শন করেন।

- ১৫ ডিসেম্বর রাজাশাহী সেক্টর
- ২৬-২৮ ডিসেম্বর সরাইল রিজিয়ন, সিলেট সেক্টর, শ্রীমঙ্গল সেক্টর, বিয়ানীবাজার ব্যাটালিয়ন (৫২ বিজিবি) ও এর আওতাধীন বড়গ্রাম বিওপি এবং সেলুয়া আইসিপি, শ্রীমঙ্গল ব্যাটালিয়ন (৪৬ বিজিবি) ও এর আওতাধীন বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান বিওপি।

## প্রশিক্ষণ নির্দেশিকা প্রণয়ন

চলমান কোভিড পরিস্থিতি মোকাবেলা করে কার্যকরী ও উন্নত প্রশিক্ষণের মাধ্যমে ব্যক্তিগত ও পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মহাপরিচালক মহোদয়ের নির্দেশনায় আধুনিক ও যুগোপযোগী প্রশিক্ষণ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। **'কঠোর প্রশিক্ষণ নিরাপদ সীমান্ত'** এই মূলমন্ত্রকে সামনে রেখে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে বর্ডার গার্ড বাংলাদেশ মহাপরিচালকের প্রশিক্ষণ নির্দেশিকা-২০২১ প্রণয়ন করা হয়েছে।



## বিভাগীয় অফিসার অবসর



বিজিডিও-২৩১ সহকারী পরিচালক মোঃ শামছুল আলম ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে সাতক্ষীরা ব্যাটালিয়ন (৩৩ বিজিবি) হতে অবসর গ্রহণ করেন।

## ২০ ডিসেম্বর ২০২০ তারিখে অনারারি সহকারী পরিচালক হতে অনারারি উপ পরিচালক এবং সুবেদার মেজর হতে অনারারি সহকারী পরিচালক পদে পদোন্নতি

জেসিও-৬৩৬১ অনারারি উপ পরিচালক
মোঃ সামসুল হক
ফুলবাড়ী ব্যাটালিয়ন (২৯ বিজিবি)





জেসিও-৬৬৩৫ অনারারি সহকারী পরিচালক
মোঃ আমিনুল হক খাঁন
সুনামগঞ্জ ব্যাটালিয়ন (২৮ বিজিবি)


জেসিও-৬৫৭৫ অনারারি সহকারী পরিচালক
মোঃ মোকছেদ আলী
পঞ্চগড় ব্যাটালিয়ন (১৮ বিজিবি)





জেসিও-৬৬১১ অনারারি সহকারী পরিচালক
মোঃ আব্দুস সাত্তার
জামালপুর ব্যাটালিয়ন (৩৫ বিজিবি)

জেসিও-৭০৪৩ অনারারি সহকারী পরিচালক
মোঃ বেলায়েত হোসেন
নাইক্ষ্যংছড়ি ব্যাটালিয়ন (১১ বিজিবি)





জেসিও-৬৭০০ অনারারি সহকারী পরিচালক
মোঃ ইদ্রিস আলী
বিএসবি

জেসিও-৬৭০২ অনারারি সহকারী পরিচালক
মোঃ আব্দুল খালেক
গাজীপুর ব্যাটালিয়ন (৬৩ বিজিবি)





জেসিও-৬৬২৬ অনারারি সহকারী পরিচালক
মোঃ মোজাম্মেল হক
রেকর্ড উইং

## এক নজরে ৯৫তম ব্যাচ রিক্রুট প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজ




- ১৪ জুন ২০২০ হতে ৫ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত ৯৫তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।
- সাতটি প্রশিক্ষণ কেন্দ্রে ২৫২৪ জন রিক্রুট মৌলিক প্রশিক্ষণ গ্রহণ করেছে। (বিজিটিসিএন্ডসি-৭৯১ জন, চুয়াডাংগা-২৭১ জন, কুষ্টিয়া-২৯৬ জন, চাঁপাইনবাবগঞ্জ-৩০৫ জন, ঠাকুরগাঁও-৩১০ জন, ময়মনসিংহ-৩০৪ জন এবং সিলেট-২৪৭ জন)।

**'মেধা অনুসারে সর্ব বিষয়ে' সেরা রিক্রুট**



নং-১০৫৭২৭ সিপাহী (জিডি)
মোঃ খোকন মোল্লা

**'ফায়ারিং'এ সেরা রিক্রুট**



নং-১০৬৪৪৯ সিপাহী (জিডি)
হাসিনা আক্তার বিথি

**'শারীরিক উৎকর্ষ-পুরুষ' সেরা রিক্রুট**



নং-১০৫৮২৫ সিপাহী (জিডি)
মোঃ ইকরামুল হক

**'শারীরিক উৎকর্ষ-মহিলা' সেরা রিক্রুট**



নং-১০৫৯০৬ সিপাহী (জিডি)
হাসি আক্তার

## সিজার প্রতিবেদন

ডিসেম্বর ২০২০ মাসে চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে ৭৬,৭৭,২৭,৫৩৪/- টাকা মূল্যের মাদকদ্রব্য এবং চোরাচালানী পণ্য আটক করা হয়েছে। এ ব্যাপারে মোট ৪১৭৮ টি মামলা দায়ের এবং ৪৩০ জন চোরাকারবারিকে আটক করা হয়েছে। এছাড়া ৭৭ জন পুরুষ, ৬০ জন নারী ও ৬ জন শিশুকে অবৈধভাবে সীমান্ত অতিক্রমকালে আটক এবং পাচারকালে উদ্ধার করা হয়েছে।

## করোনা ভাইরাস

৩১ ডিসেম্বর ২০২০ পর্যন্ত ৪২৪ জন বিজিবি সদস্য কোভিড-১৯ এ আক্রান্ত হয়েছে। এর মধ্যে সুস্থ হয়েছে ৩৯০ জন এবং মৃত্যুবরণ করেছে ৮ জন। সুস্থতার হার প্রায় ৯২%।

## আন্তঃইউনিট বদলি

বাহিনীর সার্বিক কার্যকারিতা এবং সৈনিকদের কল্যাণের কথা বিবেচনা করে গত ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখে সদর দপ্তর বিজিবি, পিলখানায় অনুষ্ঠিত 'ব্যাটালিয়ন অধিনায়ক সম্মেলনে' বিজিবি পুনর্গঠনের আলোকে বর্ডার গার্ড ব্যাটালিয়নসমূহ স্থানান্তরিত না করে একই স্থানে অবস্থান করবে এবং প্রতি বছর ইউনিটসমূহের বিদ্যমান জনবলের এক চতুর্থাংশ (২৫%) হারে সফ্টওয়্যার (Integrated Record Management System) এর মাধ্যমে আন্তঃব্যাটালিয়ন/সংস্থা/প্রতিষ্ঠান বদলি করা হবে বলে সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে গত ১৯ নভেম্বর ২০১৯ সাল হতে সফ্টওয়্যারের মাধ্যমে বদলি কার্যক্রম চলমান রয়েছে। এই বদলি কার্যক্রমের উল্লেখযোগ্য বিষয়সমূহ নিম্নরূপ :

- বিজিবিতে কর্মরত সকল সদস্যকে ৪ বছর অন্তর ২৫% হারে বদলি করা হবে।
- বিজিবিতে কর্মরত সকল সদস্য (সহকারী, বাবুর্চি ও পরিচ্ছন্নতাকর্মী ব্যতীত) হিল ইউনিট থেকে ৪ বছর পর এবং সহকারী, বাবুর্চি ও পরিচ্ছন্নতাকর্মীদের ক্ষেত্রে ৩ বছর পর হিল ইউনিট থেকে বদলি করা হবে।
- যে সকল সদস্য প্রশিক্ষক হিসেবে বিজিটিসিএন্ডসিতে বদলি প্রাপ্ত হবে তাদের উক্ত বদলির সময়কাল (আর্থিক সংশ্লিষ্টতা ব্যতীত) 'হিল বদলি' হিসেবে গণ্য করা হবে।
- একজন বিজিবি সদস্য তার পূর্ণ চাকুরী মেয়াদকালে (৩৮ হতে ৪০ বৎসর) ৪ বছর অন্তর স্বাভাবিকভাবে মোট ১০টি বদলি প্রাপ্ত হবে। যার মধ্যে ৩টি মেয়াদকাল হিল ইউনিটে (ভিন্ন ভিন্ন সেক্টরে), ১টি মেয়াদকাল ঢাকা/বিজিটিসিএন্ডসি/বিএসবি/র‍্যাব (শর্ত সাপেক্ষে) এ বদলি করা হবে। বাকী ৫টি বদলি নিজ জেলার অন্তর্ভুক্ত রিজিয়ন অথবা নিজ জেলার পার্শ্ববর্তী রিজিয়নের ইউনিটে এবং অন্য ১টি মেয়াদকাল দূরবর্তী রিজিয়নে বদলি হতে পারে। তবে কোন কোন রিজিয়নের ভৌগোলিক অবস্থান, মোট প্রাধিকৃত জনবল ও ঐ অঞ্চলের কর্মরত মোট বিজিবি সদস্যদের আনুপাতিক হার বেশি হওয়ার জন্য কিছু সদস্য অন্য রিজিয়নে বদলি হতে পারে। উল্লেখ্য যে, ৫৬ বছর বয়সের উর্দ্ধে কোন বিজিবি সদস্যকে দুর্গম হিল ইউনিটে বদলি না করার বিষয়ে বিশেষভাবে বিবেচনা করা হবে।
- বদলি আদেশ সফ্টওয়্যার দ্বারা স্বয়ংক্রিয়ভাবে নিয়ন্ত্রিত। কাজেই প্রাধিকার, শূন্য আসন, ট্রেড, বিশেষায়িত যোগ্যতা, ২৫% কোটা ইত্যাদি শর্তাবলীর জন্য বিশেষ বিবেচনায় ব্যত্যয় হতে পারে। উল্লেখ্য যে, এই সফ্টওয়্যারে পূর্ণ সুবিধা পেতে আরো ২/৩ বৎসর সময়ের প্রয়োজন হবে।
- কোন বিজিবি সদস্য যদি কোন তৃতীয় পক্ষের মাধ্যমে তার প্রত্যাশিত স্থানে বদলির তদবির করে, তাহলে তা তার সীটরোলে লিপিবদ্ধ করা হবে এবং শৃঙ্খলা ভঙ্গের কারণে তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

# দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ

| ক্রমিক | রেজি নং, পদবি, নাম ও ইউনিট | অপরাধের বিবরণ ও প্রদত্ত শাস্তি |
|---|---|---|
| ১। | ৭০৩৬৮ মেডি. সহ. নায়েক পার্থ সারথী দাস কক্সবাজার ব্যাটালিয়ন (৩৪ বিজিবি) | ঠাকুরগাঁও ব্যাটালিয়ন (৫০ বিজিবি) এ কর্মরত থাকাকালীন বিজি হাসপাতাল, চুয়াডাঙ্গা সিপাহী মোঃ সালমান (বরখাস্ত) এবং বিজি হাসপাতাল, গুইমারা, খাগড়াছড়ি এর মেডি. সহ. নায়েক মোঃ জালাল আহমেদের মাধ্যমে বিজিবি'তে উৎকোচের বিনিময়ে চাকুরী প্রদানের ব্যাপারে একটি প্রতারক চক্র গড়ে তুলে ৫,৩৩,০০০/- টাকা উৎকোচ গ্রহণ করে। প্রতারণার উদ্দেশ্যে প্রতারক চক্রের সাথে যোগাযোগের জন্য ৬টি সীমকার্ড ছাড়াও রেজিস্ট্রেশনবিহীন অবৈধ বেনামী সীম ও গোপনীয়তার স্বার্থে নিজের নামের পরিবর্তে ছদ্ম নাম সোহাগ হাওলাদার নামে একাধিক সামাজিক যোগাযোগ মাধ্যম (Whatsapp, Viber, Imo, Messenger, Facebook, Brilliant Connet) ব্যবহার করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বাধ্যতামূলক অবসর। শাস্তি প্রদানের তারিখ : ০১-১২-২০২০।** |
| ২। | ৭৫৬৮৮ মেডি. সহ. ল্যা. না. মোঃ নুর হোসেন দিনাজপুর ব্যাটালিয়ন (৪২ বিজিবি) | মেডি. সহ. ল্যা. না. মোঃ নুর হোসেনকে ব্যাটালিয়ন সদর হতে বিওপি'তে পাঠানো হলে বিভিন্ন সময়ে নানাবিধ সমস্যা দেখিয়ে ব্যাটালিয়ন সদরে আগমন করে। ১৪ আগস্ট ২০২০ তারিখে ৩৫ বছরের উর্ধ্বে সদস্যদের হেলথ কার্ড হালনাগাদ করার নিমিত্তে Blook for Lipid Profile (F) পরীক্ষার জন্য বিওপি হতে ব্যাটালিয়ন সদরে আসার জন্য বলা হলে উক্ত এনসিও তার বয়স ৩৫ বছর পূর্তি না হওয়া সত্ত্বেও বিওপি কমান্ডারের নিকট মিথ্যা কথা বলে ব্যাটালিয়ন সদরে আগমন করে। ১৭ আগস্ট ২০২০ তারিখে মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে জিপি এনসিও এবং মেডি. সহ. নায়েক মোঃ আব্দুল ময়েজকে ব্যাটালিয়ন সদরে সপরিবারে বসবাসের শর্তে চাকুরী করবে নতুবা চাকুরী করবে না বলে অবহিত করে। এছাড়াও বর্ণিত এনসিও সপরিবারে বসবাসকালীন ৮ সেপ্টেম্বর ২০২০ তারিখে সীমান্ত ফাঁড়িতে গমনের জন্য ব্যাটালিয়ন এমটি গ্যারেজের সামনে হাজির থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়। উক্ত এনসিও এমটি গ্যারেজে হাজির না হয়ে ৮-১৪ সেপ্টেম্বর ২০২০ তারিখ পর্যন্ত ৬ দিন ৬ ঘন্টা অনুপস্থিত থেকে স্বেচ্ছায় কর্মস্থলে যোগদান করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বাধ্যতামূলক অবসর। শাস্তি প্রদানের তারিখ : ০১-১২-২০২০।** |
| ৩। | ৯৮৮৪৯ সিপাহী মোঃ মেহেদী হাসান রাব্বী ফুলবাড়ী ব্যাটালিয়ন (২৯ বিজিবি) | সিপাহী মেহেদী হাসান রাব্বি বিবাহিত হওয়া সত্ত্বেও বিবাহের বিষয়টি গোপন রেখে তালিকাভুক্তি ফরমে মিথ্যার আশ্রয় নিয়ে ১১ জানুয়ারি ২০১৫ তারিখে বিজিবি'তে তালিকাভুক্ত হয়। পরবর্তীতে উক্ত সৈনিক সীমান্ত এলাকায় মোছাঃ মুন্নি খাতুন এর সাথে প্রেমের সম্পর্ক গড়ে তুলে এবং ১ম স্ত্রী ও কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত জুন ২০১৯ মাসে তার সাথে ২য় বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। ২য় বিবাহের পর ৩০ দিনের অর্জিত ছুটিতে থাকাকালীন ২য় পক্ষের শ্বশুরের নিকট ৩,০০,০০০/- টাকা যৌতুক দাবি করে। একপর্যায়ে ২য় স্ত্রীর অভিভাবকের দ্বারা প্রহৃত হয়ে বেসামরিক পরিমণ্ডলে বিজিবি'র ভাবমূর্তি ক্ষুণ্ন করে। এছাড়া উক্ত সৈনিক ১ম স্ত্রী'কে ভরণ পোষণ না দিয়ে শারীরিক ও মানসিক নির্যাতন করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত। শাস্তি প্রদানের তারিখ : ০৩-১২-২০২০।** |
| ৪। | বক্ষ নং ২৪৫৬ রিক্রুট (জিডি) মোঃ আশিকুর রহমান আখালিয়া ব্যাটালিয়ন (RTB) | রিক্রুট মোঃ আশিকুর রহমান হবিগঞ্জ জেলায় সিপাহী (জিডি) পদে ৫ এপ্রিল ২০২০ তারিখে বিজিবি'র ৯৫তম ব্যাচে তালিকাভুক্ত হয়ে ১৪ জুন ২০২০ তারিখ রিক্রুট ট্রেনিং ব্যাটালিয়ন সিলেটের তত্ত্বাবধানে পরিচালিত মৌলিক প্রশিক্ষণে যোগদান করে। উক্ত রিক্রুট ভর্তিকালীন ব্যক্তিগত তথ্যাবলীতে তার পিতা তৎকালীন বিডিআর এ কর্মরত ছিল তা গোপন করে পিতার পেশা ব্যবসা উল্লেখ করে তালিকাভুক্ত ফরমে মিথ্যা তথ্য প্রদান করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত। শাস্তি প্রদানের তারিখ : ০৩-১২-২০২০।** |
| ৫। | ৮০৮২৭ সিপাহী মোঃ শাহজাদা আলম সুলতানপুর ব্যাটালিয়ন (৬০ বিজিবি) | সুলতানপুর ব্যাটালিয়নের অধীনস্থ সালদানদী বিওপি'তে কর্মরত থাকাকালীন ২৮ জুলাই ২০২০ তারিখে ০৬০০ ঘটিকায় নিয়মিত টহলে নাম থাকলেও টহলে গমন না করে সিভিল পোশাক পরিধান করে চাকুরী থেকে চলে যাবে বলে বিওপি কমান্ডারকে হুমকি প্রদান করে। এছাড়া উক্ত সৈনিক প্রথম স্ত্রী ও কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখে মোসাঃ মৌসুমি আক্তার এর সাথে ২য় বিবাহ বন্ধনে অবদ্ধ হয়। ২৯ জুলাই ২০২০ তারিখ হতে ১২ সেপ্টেম্বর ২০২০ তারিখ পর্যন্ত ৪৫ দিনের অর্জিত ছুটিতে থাকা অবস্থায় ২য় স্ত্রী'র অভিযোগের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে ইউনিট সুবেদার মেজর ৮ আগস্ট ২০২০ তারিখে ছুটি থেকে যোগদানের নির্দেশ প্রদান করলেও যোগদান না করে ১ মাস ৪ দিন অনুপস্থিত থেকে ১২ সেপ্টেম্বর ২০২০ তারিখ স্বেচ্ছায় ইউনিটে যোগদান করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত। শাস্তি প্রদানের তারিখ : ০৬-১২-২০২০।** |
| ৬। | ৬৮৪০৮ নায়েক চালক মোঃ হযরত আলী সদর বর্ডার গার্ড ব্যাটালিয়ন ঢাকা | সদর বর্ডার গার্ড ব্যাটালিয়ন, ঢাকায় কর্মরত থাকাকালীন অবৈধ উপায়ে বিজিবি'তে লোক ভর্তির জন্য বিজিবি সদস্য এবং বেসামরিক সদস্যদের সাথে সংঘবদ্ধ চক্র গড়ে তুলে অকল্পনীয়ভাবে অর্থ সম্পদ (৫০ লক্ষ টাকার অধিক এবং ৮০ শতাংশ জমি) উপার্জন করে। এছাড়াও নিজ স্ত্রী থাকা সত্ত্বেও অন্য বিজিবি সদস্যের স্ত্রীর সাথে অবৈধ শারীরিক সম্পর্ক স্থাপন এবং বহুসংখ্যক নারীকে অর্থ ও অলংকার প্রদানের বিনিময়ে শারীরিক সম্পর্ক স্থাপন করে। বর্ণিত এনসিও নিয়ম বহির্ভূতভাবে ২৭টি সীমকার্ড এবং একাধিক মোবাইল ফোন ব্যবহার করে। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত এবং ১ বছরের সশ্রম কারাদন্ড। শাস্তি প্রদানের তারিখ : ১৩-১২-২০২০।** |
| ৭। | ৭২১৮৭ নায়েক চালক মাহমুদুল আলম সদর বর্ডার গার্ড ব্যাটালিয়ন ঢাকা | সদর বর্ডার গার্ড ব্যাটালিয়ন, ঢাকায় কর্মরত থাকাকালীন বেসামরিক লোকের সাথে মিলিত হয়ে সংঘবদ্ধ চক্রের কাছে তথ্য সরবরাহ এবং অবৈধ অর্থের বিনিময়ে বিজিবি'তে লোক ভর্তির সাথে জড়িত থেকে শেরপুর ও জামালপুর জেলার ২ জন প্রার্থীর নিকট হতে ২০ লক্ষ ৫০ হাজার টাকা উৎকোচ গ্রহণ করে। এছাড়াও উক্ত এনসিও কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত নিয়ম বহির্ভূতভাবে ১৩টি সীম কার্ড এবং একাধিক মোবাইল ফোন ব্যবহার ও অনৈতিক কাজের সুবিধার্থে অন্যের সীমকার্ড/ফেসবুক নিজে ব্যবহার করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত। শাস্তি প্রদানের তারিখ : ১৩-১২-২০২০।** |
| ৮। | ৭৮৩৪১ নায়েক সহকারী মোঃ ফিরোজ হোসেন প্রশাসন শাখা প্রশাসন পরিদপ্তর, ঢাকা | সদর দপ্তর বিজিবি, প্রশাসন শাখা, ঢাকায় কর্মরত থাকাকালীন অবৈধ উপায়ে অর্থের বিনিময়ে বিজিবি'তে লোক ভর্তির জন্য বিজিবি সদস্য এবং বেসামরিক সদস্যদের সাথে সংঘবদ্ধ চক্র গড়ে তুলে ও অবৈধ অর্থ উপার্জন করে। এছাড়াও অফিসে গুরুত্বপূর্ণ দায়িত্বে নিয়োজিত থেকে বিজিবি'র স্পর্শকাতর, গুরুত্বপূর্ণ ও গোপনীয় তথ্যাদি ব্যক্তিগত WhatsApp এবং Messenger এর মাধ্যমে অসৎ উদ্দেশ্যে একাধিক ব্যক্তির নিকট প্রদান/পাচার করে এবং সিপাহী মোঃ সুজন খান এর নিকট হতে ৮ লক্ষ ৩০ হাজার টাকার বিনিময়ে জনৈক মোস্তাফিজকে চাকুরী দেওয়ার ব্যবস্থা করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত এবং ২ বছরের সশ্রম কারাদন্ড। শাস্তি প্রদানের তারিখ : ১৩-১২-২০২০।** |
| ৯। | ৬৫২৪১ ল্যান্স নায়েক মুহাম্মদ আবু সাঈদ খেদাছড়া ব্যাটালিয়ন (৪০ বিজিবি) | ৩ মার্চ ২০২০ তারিখে গাজীনগর বাজার এলাকায় বেসামরিক ব্যক্তি কর্তৃক চালিত খালি লড়িতে জোরপূর্বক উঠে তা থামানোর চেষ্টাকালীন বেসামরিক ব্যক্তিদের মারধর করে। এই প্রেক্ষিতে টহলদল ও এলাকাবাসীর মধ্যে অনাকাঙ্ক্ষিত বিক্ষোভের সূত্রপাত এবং অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সৃষ্টি হওয়ায় “রুলস অব এ্যানগেইজমেন্ট” এর নীতিমালা অনুসরণ না করে গুলিবর্ষণ করে। যার প্রেক্ষিতে ১ জন বিজিবি সদস্য এবং ৪ জন বেসামরিক ব্যক্তি মৃত্যুবরণ করে। উক্ত ঘটনাকে পরিকল্পিতভাবে ও উদ্দেশ্য প্রণোদিত মিথ্যা জবানবন্দি প্রদানপূর্বক গোলাগুলি সম্পূর্ণ বেসামরিক ব্যক্তিদের উপর চাপিয়ে দেয়ার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত। শাস্তি প্রদানের তারিখ : ১৩-১২-২০২০।** |
| ১০। | ৭৬৪৭০ ল্যান্স নায়েক প্রনব আইচ কুমিল্লা ব্যাটালিয়ন (১০ বিজিবি) | ৫ নভেম্বর ২০১৯ তারিখ কুমিল্লা ব্যাটালিয়নের অধীনস্থ জোয়ারকাছার বিওপি হতে ছুটি ব্যতিরেকে পলায়ন করে। সে ১ বছর ৮ ঘন্টা কর্মস্থল হতে অনুপস্থিত থেকে ৪ নভেম্বর ২০২০ তারিখে স্বেচ্ছায় কর্মস্থলে যোগদানের অপরাধে । **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত। শাস্তি প্রদানের তারিখ : ১৩-১২-২০২০।** |
| ১১। | ৮৭৫৭৪ সিপাহী মোঃ সুজন খান সদর বর্ডার গার্ড ব্যাটালিয়ন, ঢাকা | ২০১৬ সাল হতে সিলেটে কর্মরত থাকা অবস্থায় অবৈধভাবে অর্থের বিনিময়ে সেনাবাহিনী/বিজিবি'তে লোক ভর্তির কাজে জড়িয়ে পরে। ১১ জুলাই ২০১৮ তারিখে সদর বর্ডার গার্ড ব্যাটালিয়ন, ঢাকায় বদলি হয়ে আসার সুবাদে না. সহ. মোঃ ফিরোজ হোসেন এর সাথে সুসম্পর্কের মাধ্যমে অবৈধভাবে লোক ভর্তির কার্যক্রমে আরো তৎপর হয়ে জনৈক মোস্তাফিজের নিকট হতে ৯,০০,০০০/- টাকা উৎকোচ হিসাবে গ্রহণ করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত। শাস্তি প্রদানের তারিখ : ১৩-১২-২০২০।** |
| ১২। | ১০২১৪৬ সিপাহী মোঃ সুজন মিয়া কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) | সিপাহী মোঃ সুজন মিয়া বিবাহিত হওয়া সত্ত্বেও বিবাহের বিষয়টি গোপন রেখে তালিকাভুক্তি ফরমে মিথ্যার আশ্রয় নিয়ে বিজিবি'তে তালিকাভুক্ত হয়। বিজিবি'তে তালিকাভুক্ত হয়ে কর্তৃপক্ষের অনুমতি ছাড়া স্ত্রী'কে তালাক প্রদান করে। এছাড়াও উক্ত সৈনিক ৮ জুন হতে ৬ আগস্ট ২০২০ তারিখ পর্যন্ত ৬০ দিনের অর্জিত ছুটিতে গমন করে ২ মাস ১৮ ঘন্টা অনুপস্থিত থেকে স্বেচ্ছায় ইউনিটে যোগদান করে এবং চাকুরী করতে অনিচ্ছা প্রকাশ করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত। শাস্তি প্রদানের তারিখ : ১৩-১২-২০২০।** |
| ১৩। | ৭০৬৩২ মেডি. সহ. নায়েক জালাল আহমেদ বর্ডার গার্ড হাসপাতাল গুইমারা | বিজি হাসপাতাল, গুইমারা, খাগড়াছড়িতে কর্মরত থাকাকালীন বিজিবি'তে উৎকোচের বিনিময়ে চাকুরী প্রদানের ব্যাপারে একটি প্রতারকচক্র গড়ে তুলে বিজি হাসপাতাল, চুয়াডাঙ্গার সিপাহী মোঃ সালমান (বরখাস্ত) এর মাধ্যমে বেসামরিক ব্যক্তি পলাশের নিকট হতে ৬,০০,০০০/- টাকা উৎকোচ গ্রহণ করে। এছাড়াও সে প্রতারণার উদ্দেশ্যে প্রতারক চক্রের সাথে যোগাযোগের জন্য নিজ মোবাইলে ব্যবহৃত গুরুত্বপূর্ণ তথ্য ও এসএমএস সংরক্ষণ এবং তদন্ত আদালতকে বিভ্রান্ত করার জন্য মোবাইলে সকল তথ্য ডিলিট করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বাধ্যতামূলক অবসর । শাস্তি প্রদানের তারিখ : ১৭-১২-২০২০।** |
| ১৪। | ৭৬১৬৯ সিপাহী মোঃ মাহবুবুল হক বিয়ানীবাজার ব্যাটালিয়ন (৫২ বিজিবি) | সিপাহী মোঃ মাহবুবুল হক এর স্ত্রী কুষ্টিয়া দৌলতপুর থানায় তার বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন মামলা দায়ের করে। বিজ্ঞ আদালত ২৭ অক্টোবর ২০২০ তারিখে তাকে ৩ বছর সশ্রম কারাদন্ড ও ৫০,০০০/- টাকা জরিমানা অনাদায়ে আরও ০৬ (ছয়) মাসের বিনাশ্রম কারাদন্ডে দন্ডিত হওয়ার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বাধ্যতামূলক অবসর। শাস্তি প্রদানের তারিখ : ২২-১২-২০২০।** |
| ১৫। | ১০৫০৪ পরিচ্ছন্নতাকর্মী মোঃ ইমন আলী কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) | পরিচ্ছন্নতাকর্মী মোঃ ইমন আলী ১ সেপ্টেম্বর ২০২০ তারিখে কুষ্টিয়া ব্যাটালিয়নে যোগদান করে। উক্ত অসামরিক কর্মচারী যোগদানের পর থেকেই কাজকর্মের প্রতি উদাসীনতা পরিলক্ষিত হয় এবং তাকে বিভিন্ন নিয়োগধারী ব্যক্তিবর্গ কর্তৃক প্রেষণা প্রদান করা হলে সে চাকুরী করবে না মর্মে অবহিত করে। বর্ণিত অসামরিক কর্মচারী চাকুরী হতে অব্যাহতি পাওয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক বরাবর আবেদনপত্র দাখিল করে। উক্ত আবেদনের প্রেক্ষিতে ব্যাটালিয়ন অধিনায়ক কর্তৃক সাক্ষাৎকারের মাধ্যমে তাকে প্রেষণা প্রদান করা হলেও উক্ত পরিচ্ছন্নতাকর্মী 'চাকুরী করবে না' বলে অধিনায়ককে অবহিত করে। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে অব্যাহতি। শাস্তি প্রদানের তারিখ : ২২-১২-২০২০।** |
| ১৬। | ৪৬১২২ হাবিলদার মোঃ শহিদুল ইসলাম তিস্তা ব্যাটালিয়ন-২ (৬১ বিজিবি) | তিস্তা ব্যাটালিয়ন-২ এর অধীনস্থ বিভিন্ন বিওপি'তে কর্মরত থাকাকালীন বিভিন্ন সময়ে হাবিলদার মোঃ শহিদুল ইসলাম মাদকদ্রব্যসহ অন্যান্য চোরাচালানী মালামাল পাচারে সহযোগিতা করে বিকাশের মাধ্যমে চোরাকারবারিদের নিকট হতে ২২,৫০০/- টাকা উৎকোচ গ্রহণ করে। এছাড়া উক্ত এনসিও বিজিবি-বিএসএফ যৌথ টহলে গমনের প্রেক্ষিতে বিএসএফ সেক্টর ডিআইবি সদস্যের সাথে পরিচিতির সুবাদে মোবাইল নাম্বার আদান-প্রদান এবং অর্থের বিনিময়ে বিজিবি'র স্পর্শকাতর ও গুরুত্বপূর্ণ তথ্য পাচার করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত। শাস্তি প্রদানের তারিখ : ২৭-১২-২০২০।** |
| ১৭। | ৬৬৬৮০ নায়েক গোপাল নাইডু তিস্তা ব্যাটালিয়ন-২ (৬১ বিজিবি) | তিস্তা ব্যাটালিয়ন-২ এর অধীনস্থ ধবলগুড়ি বিওপি'তে কর্মরত থাকাকালীন বিজিবি-বিএসএফ যৌথ টহলে গমনের প্রেক্ষিতে বিএসএফ সেক্টর ডিআইবি সদস্যের সাথে পরিচিতির সুবাদে মোবাইল নাম্বার আদান-প্রদান এবং বিকাশের মাধ্যমে ৫,০০০/- টাকা ও ভারতীয় এয়ারটেল সীমে রিচার্জ করার জন্য ১০০/- টাকা উৎকোচের বিনিময়ে বিজিবি'র অফিসারদের নাম এবং বিজিবি'র স্পর্শকাতর ও গুরুত্বপূর্ণ তথ্য WhatsApp এর মাধ্যমে পাচার করে। এছাড়াও উক্ত এনসিও এ্যান্ড্রয়েড মোবাইল ফোন, পেন ড্রাইভ, মেমোরি কার্ড এ বিজিবি'র স্পর্শকাতর ও গুরুত্বপূর্ণ নথিপত্রাদি পাচারের উদ্দেশ্যে সংরক্ষণ করে এবং ২০০৮ সালে পানছড়ি ব্যাটালিয়ন, ৩০ বিজিবি'তে কর্মরত থাকা অবস্থায় পার্বত্য চট্টগ্রামে টহল করার সময় প্রাপ্ত ১ রাউন্ড গুলি কর্তৃপক্ষকে অবগত না করে নিজ ট্রাংকে লুকিয়ে রাখার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত এবং ১ বছরের সশ্রম কারাদন্ড। শাস্তি প্রদানের তারিখ : ২৭-১২-২০২০।** |
| ১৮। | ১০২৫১২ সিপাহী তপন বিশ্বাস মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) | অবৈধভাবে সীমান্ত অতিক্রম করে ভারতীয় নাগরিকের বাড়িতে প্রবেশ ও তাদের সাথে সাক্ষাৎ/মেলামেশা করে। এছাড়া উক্ত সৈনিক ২৮ সেপ্টেম্বর ২০২০ তারিখে ছুটিতে গমনের সময় গয়েশপুর বিওপি'র দায়িত্বপূর্ণ এলাকায় ভারতীয় নাগরিক মোছাঃ ছায়া খাতুন (শোভা) এর সাথে গল্পরত অবস্থায় গয়েশপুর বিওপি'র টহল দল কর্তৃক ধৃত হয়। বর্ণিত সৈনিক অসংখ্য মেয়ে/বিবাহিত মহিলার সাথে অবৈধ প্রেমের সম্পর্ক স্থাপন করে। তন্মধ্যে জনৈকা শ্যামা নামের বিবাহিত মহিলার সাথে দীর্ঘদিন যাবৎ পরকীয়া প্রেমের সম্পর্ক স্থাপন, কুপ্রস্তাব, অশালীন/অশ্লীল ছবি ও কুরুচিপূর্ণ মেসেজ আদান প্রদান এবং ফোনালাপ করে। কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত নিয়ম বহির্ভূতভাবে ৪টি সীম কার্ড এবং একাধিক মোবাইল ফোন অনৈতিক ও অসৎ উদ্দেশ্যে ব্যবহার করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরী হতে বরখাস্ত। শাস্তি প্রদানের তারিখ : ৩১-১২-২০২০।** |